“এটা হলো মাসজিদ। এখানে প্রস্রাব করা কিংবা ময়লা আবর্জনা ফেলা যায় না। বরং এ হল আল্লাহর যিকর করা, সালাত আদায় করা এবং কুরআন পাঠ করার স্থান

আনাস ইবন মালিক রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন: একদিন আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে মসজিদে নববীতে বসে ছিলাম। এ সময় হঠাৎ এক বেদুঈন এসে মসজিদের মধ্যে দাঁড়িয়ে প্রস্রাব করতে লাগল, তা দেখে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাহাবাগণ থামো থামো’ বলে তাকে প্রস্রাব করতে বাধা দিলেন। আনাস বলেন, তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তোমরা তাকে বাধা দিও না, বরং তাকে ছেড়ে দাও লোকেরা তাকে ছেড়ে দিল, সে প্রস্রাব সেরে নিল। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে কাছে ডেকে বললেনঃ “এটা হলো মাসজিদ। এখানে প্রস্রাব করা কিংবা ময়লা আবর্জনা ফেলা যায় না। বরং এ হল আল্লাহর যিকর করা, সালাত আদায় করা এবং কুরআন পাঠ করার স্থান"। অথবা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কথাটা যেভাবে বলেছেন তাই আনাস বলেন, এরপর
রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সবার মধ্য থেকে এক ব্যক্তিকে এক বালতি পানি আনে আদেশ করলেন। সে এক বালতি পানি আনলে তিনি তা প্রস্রাবের উপর ঢেলে দিলেন।
[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর সাহাবীদের সাথে মসজিদে অবস্থান করছিলেন, ঠিক তখনই এক বেদুইন মরুভূমি থেকে এসে মসজিদের এক কোণে পেশাব করার জন্য বসে পড়ল। সাহাবীরা তাকে ধমক দিয়ে বললেন: থামো এবং এটা করা থেকে বিরত থাকো। অতঃপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন: তাকে ছেড়ে দাও এবং তার পেশাব বন্ধ করো না। তাই তারা তাকে রেখে দিল যতক্ষণ না সে শেষ করল। তারপর তিনি সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম তাকে ডেকে বললেন: মসজিদগুলি এইভাবে প্রস্রাব করা বা অন্য কোনও ধরণের নোংরা পদার্থের জন্য উপযুক্ত নয়। এগুলো কেবল আল্লাহর যিকির, সালাত, কুরআন তেলাওয়াত এবং অনুরূপ অন্যান্য কাজের জন্য। এরপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একজন সাহাবীকে নির্দেশ দিলেন, যেন তিনি এক বালতি পানি এনে তার প্রস্রাবের উপর ঢেলে দেন।

http://www.sunnah.global/hadeeth/bn/show/8948